

০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
(দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা)  
কুলাউড়া, মৌলভীবাজার

স্মারক নং-৫১.০১.৬০০২.০০০.৯৮.০০৯.১৮-১১৫

তারিখঃ ১০ এপ্রিল ২০২০ খ্রি.

বিষয়ঃ করোনা ভাইরাস পরিস্থিতি মোকাবেলায় বরাদ্দকৃত জিআর চাল পুনঃবরাদ্দ।

সূত্র : জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার এর ত্রাণ শাখার স্মারক নং-৫১.০১.৫৮০০.০০০.২০.০৫৫.১৮-১৭৬, তারিখঃ ০৮/০৪/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৯-২০২০ অর্থ বছরে মৌলভীবাজার জেলার কুলাউড়া উপজেলায় সম্প্রতিকালে চলমান করোনা ভাইরাস পরিস্থিতি মোকাবেলায় শ্রমজীবী, কর্মহীন দুঃস্থ ও অতিদরিদ্র জনগণের মধ্যে বিতরণের জন্য ১৩.০০০ (তেরো মেট্রিক টন) মেট্রিক টন জিআর চাল উপ-বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দ প্রাপ্ত চাল মানবিক সহায়তা বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-২০১৩ অনুসরণপূর্বক নিম্নোক্তভাবে ইউনিয়ন/পৌরসভাওয়ারী সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র এর অনুকূলে পুনঃ বরাদ্দ প্রদান পূর্বক চাল ছাড়করণের জন্য তাকে অনুরোধ করা হলো।

ক্রমিক নং	ইউনিয়ন/পৌরসভার নাম	বরাদ্দকৃত চালের পরিমাণ	সুবিধাভোগী পরিবারের সংখ্যা (১০ কেজি হারে)	মন্তব্য
০১	০২	০০	০৪	
১	বরমচাল	৯০০ কেজি	৯০ টি	
২	ডুকশিমইল	১০০০ কেজি	১০০ টি	
৩	ভাটেরা	৯০০ কেজি	৯০ টি	
৪	জয়চর্চী	৯০০ কেজি	৯০ টি	
৫	ব্রাহ্মণবাজার	৯০০ কেজি	৯০ টি	
৬	কাদিপুর	৯০০ কেজি	৯০ টি	
৭	কুলাউড়া	৮০০ কেজি	৮০ টি	
৮	রাউৎগাঁও	৮০০ কেজি	৮০ টি	
৯	টিলাগাঁও	৯০০ কেজি	৯০ টি	
১০	হাজিপুর	৯০০ কেজি	৯০ টি	
১১	শরীফপুর	৯০০ কেজি	৯০ টি	
১২	পৃথিমপাশা	৯০০ কেজি	৯০ টি	
১৩	কর্মধা	১০০০ কেজি	১০০ টি	
১৪	কুলাউড়া পৌরসভা	১৩০০ কেজি	১৩০ টি	
	মোট=	১৩.০০০ মেঃ টন চাল	১৩০০ টি পরিবার	

তালিকা প্রণয়ন ও বিতরণে অনসরণীয় শর্তাবলী নিম্নরূপঃ-

- ১। মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-২০১৩ অনুসরণ করে তালিকা প্রণয়ন ও বিতরণ সম্পন্ন করতে হবে।
- ২। ১৩ এপ্রিল ২০২০ খ্রিঃ তারিখের মধ্যে আবশ্যিকভাবে ইউনিয়ন/পৌরসভার মানবিক সহায়তা বাস্তবায়ন কমিটির কার্যবিবরণীসহ দুঃস্থদের অগ্রাধিকার তালিকা প্রস্তুতক্রমে চাল বিতরণ নিশ্চিত করতে হবে।
- ৩। বিতরণের সময় নিম্ন স্বাক্ষরকারীকে অবহিত করে বরাদ্দকৃত চাল ট্যাগ/তদারকী কর্মকর্তার উপস্থিতিতে বাড়ি বাড়ি পৌছিয়ে বিতরণ নিশ্চিত করতে হবে।
- ৪। চাল বিতরণের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে স্বাক্ষরিত মাস্টাররোল উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ে দাখিল করতে হবে।

১০/০৪/২০২০  
(এ টি এম ফরহাদ চৌধুরী)  
উপজেলা নির্বাহী অফিসার  
কুলাউড়া, মৌলভীবাজার  
টেলিফোন নং-০৮৬২৪-৫৬৬০৮০  
Email: unokulaura@mopa.gov.bd

প্রাপক,

০১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কুলাউড়া, মৌলভীবাজার

০২। চেয়ারম্যান/মেয়র, ..... ইউনিয়ন পরিষদ/কুলাউড়া পৌরসভা

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

- ১। মাননীয় সংসদ সদস্য, মৌলভীবাজার-২
- ২। জেলা প্রশাসক, মৌলভীবাজার
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুলাউড়া, মৌলভীবাজার
- ৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, মৌলভীবাজার।

শিমুল আলী  
১০/০৪/২০২০

(মোঃ শিমুল আলী)  
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা  
কুলাউড়া, মৌলভীবাজার  
ফোন নং-০৮৬২৪-৫৬৬০২  
E-mail: piokulaura@ddm.gov.bd